দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 28 FEB 2016
পৃষ্ঠা: ৫ কলাম: ৪

# এসএসসি পরীক্ষার্থী খুন ॥ পাঁচ লাশ উদ্ধার

**জনকণ্ঠ ডেস্ক ॥** সিলেটে এসএসসি পরীক্ষার্থী খুন হয়েছে। এছাড়া দাউদকান্দিতে গৃহবধূ ও যুবক, চাঁদপুরে জেলে, খুলনায় গৃহবধূ এবং নারায়ণগঞ্জে এক লাশ উদ্ধার করা হয়েছে। খবর স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের–

**সিলেট ॥** ওসমানীনগরে সহপাঠীর ছুরিকাঘাতে এক এসএসসি পরীক্ষার্থী খুন হয়েছে। শনিবার বিকেলে উপজেলার বুরুঙ্গা ইউনিয়নের বুরুঙ্গা ইকবাল আহমদ উচ্চ বিদ্যালয় ও কলেজে খুনের ঘটনাটি ঘটে। নিহত ছাত্র কয়েছ মিয়া বুরুঙ্গা ইউনিয়নের পিয়ারাপুর গ্রামের মৃত লালা মিয়ার ছেলে। সে ইকবাল আহমদ উচ্চ বিদ্যালয় থেকে চলতি বছর এসএসসি পরীক্ষা দিচ্ছে। জানা যায়, শনিবার ব্যবহারিক ক্লাসে অংশ নিতে অন্য পরীক্ষার্থীদের সঙ্গে বিদ্যালয়ে যায় কয়েছ। ক্লাস শেষে বিদ্যালয় প্রাঙ্গণে পূর্ব বিরোধের জের ধরে কয়েছের গ্রামের তার সহপাঠী এসএসসি পরীক্ষার্থী দুদু মিয়ার ছেলে মতি মিয়া পেছন দিক থেকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাকে স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

**দাউদকান্দি ॥** কুমিল্লা দাউদকান্দিতে স্ত্রীকে হত্যার অভিযোগ পাওয়া গেছে। শুক্রবার রাতে দাউদকান্দি পৌরসভা সদরে এ ঘটনা ঘটে। মডেল থানা পুলিশ শনিবার সকালে নিহত গৃহবধূর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুমিল্লায় প্রেরণ করে। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে স্বামী উজ্জ্বল মিয়াকে আটক করেছে পুলিশ। নিহত নুসরাত খানম আইভি পৌরসভা সদরের আতাউর রহমানের ছেলে উজ্জ্বলের স্ত্রী। জানা যায়, শুক্রবার রাতে স্বামীর সঙ্গে আইভির ঝগড়া হয়। এদিকে শনিবার দুপুরে উপজেলার হরিপুর গ্রামে হাজীবাড়িতে গিয়াসউদ্দিন নামে একজনের আত্মহত্যার লাশ উদ্ধার করে দাউদকান্দির গৌরীপুর ফাঁড়ি পুলিশ। নিহত গিয়াসউদ্দিন সুন্দলপুর গ্রামের চুন্নু মিয়ার পুত্র।

**চাঁদপুর ॥** চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা এলাকায় ডাকাতিয়া নদী থেকে হাত-পা বাঁধা সুখ রঞ্জন দাস (৫৭) নামে জেলের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। শনিবার দুপুর সাড়ে ১২টায় ফরিদগঞ্জ থানা পুলিশ বালিথুবা ইউনিয়নের বেয়ারীপুর গ্রামসংলগ্ন ডাকাতিয়া নদী থেকে মৃতদেহটি উদ্ধার করে। সুখ রঞ্জন দাস ওই গ্রামের দাসবাড়ির নুকুল চন্দ্র দাসের ছেলে এবং সে পেশায় একজন জেলে।

**খুলনা ॥** সালমা বেগম (২৭) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে। শনিবার বেলা সাড়ে ১১টার দিকে নগরীর জিন্নাহপাড়া এলাকায় দ্বিতীয় স্বামীর বাড়ি থেকে গলায় ফাঁস দেয়া সালমার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি দুই সন্তানের জননী। পুলিশ জানায়, কবির হোসেন নামে এক ব্যক্তির সঙ্গে সালমার প্রথম বিয়ে হয়। সে স্বামীর ঘরে তিনি দুই সন্তানের মা হন। এরপর রবিউলের সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েন এবং কবিরকে ডিভোর্স দিয়ে ২-৩ মাস আগে রবিউলকে বিয়ে করেন সালমা। দ্বিতীয় স্বামীর ঘরে বসবাসকালেই মৃত্যু হয় তার।

**নারায়ণগঞ্জ ॥** ফতুল্লার বুড়িগঙ্গা নদীর বক্তাবলী লঞ্চঘাট এলাকা থেকে অজ্ঞাত এক ব্যক্তির (৪৫) গলাকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ। জানা গেছে, বুড়িগঙ্গা নদীর বক্তাবলী লঞ্চঘাট এলাকায় এক ব্যক্তির লাশ ভাসতে দেখে স্থানীয় জনতা থানা পুলিশকে খবর দেয়। পুলিশ শুক্রবার রাতে লাশটি উদ্ধার করে মর্গে পাঠায়।